

U.G. 4th Semester Examination - 2022**BENGALI
[HONOURS]****Course Code : BBNGCCHT401****Course Title : সংস্কৃত সাহিত্যের ইতিহাস**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$
- ক) ভারতীয় সাহিত্যের দুটি ধ্রুপদী মহাকাব্যের নাম লেখো।
- খ) মেঘদূতের কোন অংশকে পূর্বমেঘ বলা হয়?
- গ) 'মহাভারত'কে 'ভারত কোষ' বলা হয় কেন?
- ঘ) 'ঋতুসংহার'কে কী জাতীয় কাব্য বলা যায়?
- ঙ) মহাভারত রচয়িতাকে 'বেদব্যাস' বলা হয় কেন?
- চ) শার্বিলক কোন নাটকের চরিত্র?
- ছ) রামচন্দ্র এবং শ্রীকৃষ্ণ কোন কোন যুগের অবতার ছিলেন?
- জ) 'কুমারসম্ভব' কী জাতীয় কাব্য? সর্গসংখ্যা কত?
- ঝ) রামায়ণের দীর্ঘতম কাণ্ড কোনটি?
- ঞ) 'গীতগোবিন্দ' কাব্য কিসের অনুসরণে কয়টি সর্গে রচিত?

- ট) সংস্কৃত গদ্য সাহিত্যে কোন্ লেখক কোথায় বিস্তৃতভাবে নিজের আত্মপরিচয় দান করেছেন?
- ঠ) 'বিক্রমোর্বশী' নাটকের নায়ক-নায়িকার নাম কী?
- ড) 'মধ্যমব্যায়োগ' কার রচিত, কী জাতীয় নাটক?
- ঢ) সাধারণ মানুষকে নিয়ে সংস্কৃত ভাষায় রচিত একটি নাটকের নাম লেখো।
- ণ) 'অবিমারক' নাটকের নায়ক-নায়িকার নাম লেখো।

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- ক) মহাভারতের দুটি নীতিমূলক কাহিনির নাম উল্লেখ করো।
- খ) 'শ্রীমদ্ভগবতগীতা'র মর্মবাণী কী?
- গ) জয়দেব কোন রাজার সভাকবি ছিলেন? তিনি কোন শতাব্দীর কবি?
- ঘ) 'গীতগোবিন্দ' কাব্যে ব্যবহৃত দুটি রাগের উল্লেখ করো।
- ঙ) ভাসের নাটকগুলি কে আবিষ্কার করেন? ভাসের শ্রেষ্ঠ নাটক কোনটি?
- চ) 'কাদম্বরী' কাব্যের কোন ভাগ কে রচনা করেন?
- ছ) 'মেঘদূত' কটি খণ্ডে বিভক্ত? খণ্ডদুটির নাম লেখো।
- জ) 'রঘুবংশ' কাব্যের সূচনা ও সমাপ্তিতে কোন্ কোন্ রাজার উল্লেখ আছে?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) 'হর্ষচরিত' কী জাতীয় গ্রন্থ? সংস্কৃত সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

খ) 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকে অনসূয়া ও প্রিয়ংবদা চরিত্রের
ভূমিকা আলোচনা করো।

গ) বাংলা সাহিত্যে রামায়ণের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) কালিদাসের কাব্যগুলি বিচার করে সংস্কৃত সাহিত্যে তাঁর
অবদান আলোচনা করো।

খ) রামায়ণ মহাভারতের মধ্যে কোন্টি পূর্বে রচিত? যুক্তি
সহকারে রামায়ণ মহাভারতের পৌর্বাপর্য বিচার করো।

গ) সংস্কৃত নাট্য সাহিত্যে ভাস-এর কৃতিত্ব সম্পর্কে আলোচনা
করো।
